# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৮৬৬

২৮/ দোয়া (كتاب الدعاء)

পরিচ্ছেদঃ ২৮/১৩. দোয়া করতে দু’ হাত তোলা।

بَاب رَفْعِ الْيَدَيْنِ فِي الدُّعَاءِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ، حَدَّثَنَا عَائِذُ بْنُ حَبِيبٍ، عَنْ صَالِحِ بْنِ حَسَّانَ، عَنْ مُحَمَّدِ بْنِ كَعْبٍ الْقُرَظِيِّ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " إِذَا دَعَوْتَ اللَّهَ فَادْعُ بِبُطُونِ كَفَّيْكَ وَلاَ تَدْعُ بِظُهُورِهِمَا فَإِذَا فَرَغْتَ فَامْسَحْ بِهِمَا وَجْهَكَ " .

বাংলা

২/৩৮৬৬। ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তুমি যখন আল্লাহর নিকট দোয়া করবে, তখন তোমার দু’ হাতের তালু উপর দিকে রেখে দোয়া করবে, দু’ হাতের পিঠ উপর দিকে রেখে দোয়া করবে না। তুমি দোয়া শেষ করে হাতের তালুদ্বয় তোমার মুখমণ্ডল ে মাসেহ করবে।

## English

It was narrated from Ibn 'Abbas that :
the Messenger of Allah (saas) said: "When you supplicate to Allah, supplicate with your palms uppermost, not with the backs of your hands uppermost, and when you finish, wipe your face with them."

ফুটনোট

আবু দাউদ ১৪৮৫। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী সালিহ আল-হাসসান সম্পর্কে আবু বাকর আল-বায়হাকী বলেন, তিনি দুর্বল। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি দুর্বল। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু নুআয়ম আল আসবাহানী বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী ও ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মিথ্যা বলার অভিযোগে অভিযুক্ত। আল-বুসায়রী বলেন, তিনি দুর্বল। আল-খাতীবুল বাগদাদী বলেন, তার দুর্বলতার ব্যাপারে সকলে একমত। ইমাম যাহাবী

বলেন, একটি জামাআত তাকে দুর্বল বলেছেন। ইমাম বুখারী বলেন, তিনি কুফরী নয় এমন কওলী বা আমলী কোন ফিসক এর সাথে জড়িত। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৮০০, ১৩/২৮ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44831

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন